সেদিন - এ দিন

ডঃ মোহাম্মদ আবদুর রাযযাক

একদিন কিছুই ছিল না -
ছিলনা অর্থ, যশ, মান বা খ্যাতির বিড়ম্বনা;
ছিল শান্তি, ছিল স্বস্তি, কিছু স্বপ্ন আর
অনাবিল ভালবাসা, বুক জুড়ে আনন্দ অপার ।

শীতলক্ষ্যা তীরে মোর স্নিগ্ধ সেই গ্রামটির পাখী ডাকা ভোর,
বিরহী ঘুঘুর ডাকে সচকিত উদাস দুপুর,
ধুলি ওড়া মেঠো পথে নেমে আসা বিষন্ন গোধুলী,
ঝিল্লি রবে মুখরিত রাত্রির অনাবিল তারার দীপালী,
একদিন এরা ছিল আমার ভূবন -
আমার আনন্দ, প্রেম, আমার জীবন ।

গ্রীষ্মের দাবদাহ, বর্ষার অবিশ্রান্ত ঢল,
শরতের নীলাকাশ, হেমন্তের সোনালী ফসল,
শীতের হিমানী রাত, বসন্তের সুবাসিত দিন —
ছিল মোর ভালবাসা কোন একদিন ।

আজকের আমি আর সেদিনের সেই আমি নেই -
এই আমি পথক্লান্ত, হারিয়েছি জীবনের খেই ।
অর্থ, যশ, খ্যাতি খুঁজে নিজ দেশ ছেড়ে
ভিড়িয়েছি জীবনের এই তরী পৃথিবীর বিভিন্ন বন্দরে;
শ্বেত, পীত, কালো মানুষের মাঝে কেটে গেল সারাটা জীবন -
স্মৃতিতে ঝাপসা আজ শীতলক্ষ্যা তীর,
সেদিনের আলোর ভুবন ।

তবুও যখন,
জীবনের হিসাব মিলাতে যায় মন,
মেলেনা হিসাব; মনে হয় যা পেয়েছি তা কিছুই নয় -
বিনিময়ে হারিয়েছি জীবনের সবটুকু দূর্লভ সঞ্চয় ।
সেই দুঃখ, সে বেদনা দহে মোরে আনুক্ষণ, করে উন্মাতাল -
দিনান্তে, নিশান্তে আমি হই যেন মহুয়া মাতাল;
দূরাগত ডাক শুনি, কে যেন আমায় ডেকে ফিরে -
'ফিরে আয় ঘর ছাড়া তোর চেনা শীতলক্ষ্যা তীরে।'

সিডনী, ১০ জুন, ২০০৫